

কাজু, আদা, আনারসের প্রক্রিয়াকরণ করছে সরকারি সংস্থা 'নেরাম্যাক'

গুয়াহাটি, ২২ সেপ্টেম্বর : কেন্দ্রীয় সরকারের 'ডোনার' মন্ত্রকের অধীনস্থ 'নর্থ ইস্টার্ন রিজিওনাল অ্যাগ্রিকালচার্যাল মার্কেটিং কর্পোরেশন' (নেরাম্যাক) বর্তমানে বিভিন্ন খাদ্যসামগ্রীর প্রক্রিয়াকরণে উল্লেখযোগ্য অবদান জুগিয়েছে। ২০০৭-২০০৮ সালের সময়কালে আদা, তাজা আনারস, কাজু বাদাম ইত্যাদি প্রক্রিয়াকরণে বেশ জোরদার ভূমিকা পালন করছে। সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের উৎপাদকদের কাছ থেকে উল্লিখিত কাঁচামাল কিনে 'নেরাম্যাক' খাদ্যসামগ্রীর প্রক্রিয়াকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গুয়াহাটি থেকে প্রকাশিত এক প্রেস বিবৃতিতে 'নেরাম্যাক'-এর মার্কেটিং ম্যানেজার একথা জানিয়েছেন। তিনি আরও জানিয়েছেন, আদা উৎপাদকদের কাছ থেকে আদা সংগ্রহ করে বর্নিহাটের 'এক্সপোর্ট প্রোসেসিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক'-এ আদা-তেল ও আদা গুঁড়ো পাউডার প্রস্তুত করে চলেছে 'নেরাম্যাক'। এছাড়া, কাজু বাদাম উৎপাদনকারীদের উৎসাহ করতে 'নেরাম্যাক' জোরদার ভূমিকা পালন করে চলেছে।

ত্রিপুরার কাজু উৎপাদনকারীদের কাছ থেকে ২০০ মেট্রিক টনেরও বেশি কাজু সংগ্রহ করে তার প্রক্রিয়াকরণ করছে 'নেরাম্যাক'। এছাড়া, উৎপাদনকারীদের কাছ থেকে ১৫০০ মেট্রিক টনেরও বেশি তাজা আনারস সংগ্রহ করে তারও প্রক্রিয়াকরণ করে সমগ্র উত্তর-পূর্বাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের বাইরে মার্কেটিং করছে 'নেরাম্যাক'। আনারসের রসের এতদঞ্চলে বিরাট চাহিদা রয়েছে। 'নেরাম্যাক' অদূর ভবিষ্যতে আরও চারটি প্রকল্প চালু করতে চলেছে। এরমধ্যে অসমে দিনপ্রতি চার টন কাজু বাদাম প্রক্রিয়াকরণ প্রকল্পও রয়েছে। ত্রিপুরার রস প্রস্তুত প্রকল্পকে বহুমুখী করে প্রকল্পটিকে আরও জোরদার করে তোলা হবে। অসমের শিলচরে প্রস্তুত করে তোলা হবে একটি বহুমুখী ফল প্রক্রিয়াকরণ ইউনিট। 'নেরাম্যাক'-এর ম্যানেজিং ডিরেক্টর জানান যে উত্তর-পূর্বাঞ্চলের কৃষকদের আর্থিক স্থিতিকে মজবুত করে তুলতে 'নেরাম্যাক'-এর বিরাট ভূমিকা রয়েছে। চলতি আর্থিক বছরের প্রথম চারমাসে 'নেরাম্যাক' দশ কোটি টাকার ব্যবসা করেছে।

প্রজাপতি নির্বন্ধ

পাত্র - পাত্রীর সম্বন্ধ স্থাপনে আজ
ও বিশ্বাসী। 98640 10041/
98641- 30876.

Gh/bi

ফ্ল্যাট বিক্রয়

সাউথ পয়েন্ট স্কুলের নিকটে দুই
বেড রুমের ফ্ল্যাট বিক্রয়। সত্তর
যোগাযোগ করুন- 98640
69035, 98640
75669.

Gh/215

মহানগরে বিশ্ব শান্তি দিবস পালিত

গুয়াহাটি, ২২ সেপ্টেম্বর : 'সেন্ট্রাল আইটি কলেজ'-এর উদ্যোগে গতকাল বিশ্ব শান্তি দিবস পালন করা হলো গুয়াহাটি মহানগরে। এক প্রেস বিবৃতিতে একথা প্রকাশ। বিবৃতিতে বলা হয়েছে, দিশপুরের 'সেন্ট্রাল আইটি কলেজ'-এর পরিচালনায় 'বিশ্ব শান্তি দিবস' উপলক্ষে মহানগরে এক শোভাযাত্রা আয়োজন করা হয়েছিল। গতকাল সকাল দশটায় এই পদযাত্রার সূচনা হয়েছিল গণেশগুড়ির উড়ালসেতু থেকে এবং তা শেষ হয় বেলা পৌনে বারোটায় 'সেন্ট্রাল আইটি কলেজ' প্রাঙ্গণে এসে। প্রায় ৮০০ ছাত্রছাত্রী বিরাট উৎসাহ নিয়ে এই শোভাযাত্রায় অংশগ্রহণ করেছে। সকলের কণ্ঠেই ধ্বনিত হচ্ছিল শান্তির স্লোগান। অংশগ্রহণকারীরা স্লোগান দিচ্ছিল : আমরা শান্তি চাই; শান্তি শেখো শান্তি শেখাও; শুধুই শান্তি চাই ইত্যাদি। ছাত্রছাত্রীরা হাতে প্ল্যাকার্ড নিয়ে শোভাযাত্রায় অংশ নেন।

